গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৫৬/২০১৭-১৮

ঢাকা, মঙ্গলবার, ৩ জুলাই ২০১৮, ১৯ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রীয় কারখানায় ন্যূনতম মজুরি ৮,৩০০ টাকা : মন্ত্রিসভায় প্রস্তাব অনুমোদন

২। বিপুলসংখ্যক রোহিঙ্গার অনুপ্রবেশ দেশের জন্য বড় ধরনের সমস্যা
আইসিআরসি'র প্রেসিডেন্টের সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী

৩। মিয়ানমারকে জবাবদিহিতার আওতায় আনতে হবে : সংবাদ সম্মেলনে জাতিসংঘ মহাসচিব

৪। বালাইনাশকের ভুয়া বিজ্ঞাপনে জরিমানা ১ লাখ টাকা : সংসদে বিল পাশ

৫। কৃষকের দোরগোড়ায় সার প্রাপ্তি নিশ্চিত করেছে সরকার : সংসদে কৃষিমন্ত্রী

৬। গত অর্থবছরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের লাভ ৪৭ কোটি টাকা : সংসদে বিমানমন্ত্রী

৭। সরকার দেশে ব্যবসাবান্ধব পরিবেশ তৈরি করতে পেরেছে : শিল্পমন্ত্রী

৮। পরিবার পরিকল্পনা কার্যক্রমে মাঠকর্মীদের তৎপর হওয়ার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৯। ২০১৭-১৮ অর্থবছরে রেমিট্যান্স এসেছে দেড় হাজার কোটি মার্কিন ডলার

১০। কোটা সংস্কার/বাতিল সংক্রান্ত কমিটি গঠন

১১। সংসদে সবাইকে আম উপহার দিলেন প্রধানমন্ত্রী

চলমান পাতা-২

**১।	রাষ্ট্রীয় কারখানায় ন্যূনতম মজুরি ৮,৩০০ টাকা : মন্ত্রিসভায় প্রস্তাব অনুমোদন**

জাতীয় বেতন ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫ এর সুপারিশ অনুযায়ী সরকারি খাতের শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের জন্য জাতীয় মজুরি স্কেল-২০১৫ ঘোষণা এবং ন্যূনতম বেতন দ্বিগুণ করে ৮,৩০০ টাকার প্রস্তাবে অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল (২ জুলাই সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। ২০১৫ সালের ১ জুলাই থেকে নতুন মজুরি এবং ২০১৬ সালের ১ জুলাই থেকে ভাতা কার্যকর হবে। এছাড়া 'বাংলাদেশ সংবাদ সংস্থা আইন-২০১৮'র খসড়া আইন এবং মাছ আমদানির ক্ষেত্রে ক্ষতিকারক জীবাণু বহন প্রতিরোধে শাস্তির বিধান রেখে 'মৎস্য নিরোধ আইন, ২০১৮' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। পাশাপাশি মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (সংশোধন) আইন, ২০১৮' এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**২।	বিপুলসংখ্যক রোহিঙ্গার অনুপ্রবেশ দেশের জন্য বড় ধরনের সমস্যা**
আইসিআরসি'র প্রেসিডেন্টের সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, অধিক জনসংখ্যার দেশ বাংলাদেশের মতো একটি ছোট ভূখণ্ডে বিপুল সংখ্যক রোহিঙ্গার অনুপ্রবেশ দেশের জন্য বড় ধরনের সমস্যার কারণ হয়ে দাঁড়িয়েছে। সফররত আন্তর্জাতিক রেডক্রস কমিটির (আইসিআরসি) প্রেসিডেন্ট পিটার মাউরার গতকাল (২ জুলাই সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর সংসদ ভবন কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। বৈঠকে প্রধানমন্ত্রীকে পিটার বলেন, তিনি মিয়ানমারের সেনাপ্রধান, সুশীল সমাজের সদস্য এবং বৌদ্ধ ভিক্ষুর সাথে কথা বলেছেন। রোহিঙ্গা সমস্যা সমাধানে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য তিনি মিয়ানমারের সেনাপ্রধানকে অনুরোধ জানিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**৩।	মিয়ানমারকে জবাবদিহিতার আওতায় আনতে হবে : সংবাদ সম্মেলনে জাতিসংঘ মহাসচিব**

জাতিসংঘ মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস বলেছেন, রোহিঙ্গা সংকটের সমাধানে মিয়ানমারের কর্তৃপক্ষকে জবাবদিহিতার আওতায় আনতে হবে। তাদের নিজ দেশে ফেরত যাওয়ার জন্য রাজনৈতিক সমাধানও জরুরি। মিয়ানমার সরকার এবং সামরিকবাহিনীকে রাখাইনে সহায়ক পরিবেশ তৈরি করতে হবে। রোহিঙ্গাদের নাগরিকত্ব দিতে হবে। গতকাল (২ জুলাই সোমবার) কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনশেষে ঢাকায় ফিরে এক যৌথ সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিমও এ সময় বক্তব্য রাখেন। বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিম রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশকে ৪৮ কোটি মার্কিন ডলার অনুদান দেওয়ার ঘোষণা দিয়ে বলেন, মানবিক সহায়তা এবং উন্নয়ন একইসঙ্গে হতে পারে। এ অর্থ শুধু রোহিঙ্গাদের জন্য নয়, কক্সবাজারের স্থানীয় জনগণের উন্নয়নেও ব্যয় হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **নিউ এজ, ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজ, নিউ নেশন** এবিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৪।	বালাইনাশকের ভুয়া বিজ্ঞাপনে জরিমানা ১ লাখ টাকা : সংসদে বিল পাশ**

অনিবন্ধিত বালাইনাশক বিক্রি, মজুদ ও ভুয়া তথ্য দিয়ে বিজ্ঞাপন প্রচারে সাজা বাড়িয়ে লাখ টাকা জরিমানার বিধান রেখে সংসদে বালাইনাশক বিল পাশ হয়েছে। গতকাল (২ জুলাই সোমবার) সংসদের বৈঠকে 'বালাইনাশক (পেস্টিসাইডস) বিল ২০১৮' উত্থাপন করেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২),
যুগান্তর (পৃ.১৭,ক.৪), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

**৫ ।	কৃষকের দোরগোড়ায় সার প্রাপ্তি নিশ্চিত করেছে সরকার : সংসদে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী সংসদকে জানিয়েছেন, বর্তমান সরকার কৃষকের দোরগোড়ায় সার প্রাপ্তি নিশ্চিত করেছে। প্রতিটি ইউনিয়নে একজন সার ডিলার ও ৯ জন খুচরা সার বিক্রেতা নিয়োগ করা হয়েছে। সারের ক্রয়মূল্য চার দফায় কমিয়ে সুষম সার ব্যবহার নিশ্চিত করা হয়েছে। গতকাল (২ জুলাই সোমবার) সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী একথা জানান। অপর এক প্রশ্নের জবাবে কৃষিমন্ত্রী জানান, দেশে বিলুপ্তপ্রায় ফলের জাত সংরক্ষণ ও সম্প্রসারণের

লক্ষ্যে ১২টি দেশি ফল অগ্রাধিকার ভিত্তিতে সম্প্রসারণের জন্য দেশের ৭৫টি হর্টিকালচার সেন্টারে ১৮ লাখ ৭১ হাজার ৩০০টি চারা/কলম উৎপাদনের কর্মসূচি নেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

৬। গত অর্থবছরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের লাভ ৪৭ কোটি টাকা : সংসদে বিমানমন্ত্রী

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী এ কে এম শাহজাহান কামাল বলেছেন, ২০১৬-১৭ অর্থবছরে ৪৬ কোটি ৭৬ লাখ টাকা লাভ করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। তিনি বলেন, বার্ষিক নিরীক্ষিত হিসাব অনুযায়ী, ঐ অর্থবছরে বিমানের ৪, ৫৫১ কোটি ৫২ লাখ টাকা আয়ের বিপরীতে ব্যয় হয়েছে ৪,৫০৪ কোটি ৭৭ লাখ টাকা। এক প্রশ্নের জবাবে মন্ত্রী গতকাল (২ জুলাই সোমবার) সংসদকে এ তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫)।

৭। সরকার দেশে ব্যবসাবান্ধব পরিবেশ তৈরি করতে পেরেছে : শিল্পমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্বে বর্তমান সরকার দেশে ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ ও শিল্পবান্ধব পরিবেশ সৃষ্টিতে সক্ষম হয়েছে। ফলে বিশ্বের অনেক দেশের খ্যাতনামা উদ্যোক্তারা বাংলাদেশে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করছেন। গতকাল (২ জুলাই সোমবার) রাজধানীর ঐতিহ্যবাহী জেবি মার্কেটের ১০ তলাবিশিষ্ট নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত ব্যবসায়ী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। শিল্পমন্ত্রী বলেন, বাংলাদেশ এখন বিশ্বের ৩২তম বৃহৎ অর্থনীতির দেশে পরিণত হয়েছে। এরই মধ্যে আমাদের মাথাপিছু আয় ১ হাজার ৭৫২ মার্কিন ডলার ও বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩ হাজার ৩০০ কোটি মার্কিন ডলার ছাড়িয়ে গেছে। ব্যবসা-বাণিজ্য ও শিল্পখাতের অগ্রগতির চলমান ধারা অব্যাহত রেখে বাংলাদেশ অতি দ্রুত উন্নত দেশের কাতারে পৌঁছে যাবে বলে মন্তব্য করেন তিনি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১২,ক.৭), **সংবাদ** (পৃ.১৪,ক.৪)।

৮। পরিবার পরিকল্পনা কার্যক্রমে মাঠকর্মীদের তৎপর হওয়ার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা কার্যক্রমকে জোরদার করতে মাঠকর্মীদের তৎপর হওয়ার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (২ জুলাই সোমবার) সচিবালয়ে পরিবার পরিকল্পনা কার্যক্রমসংক্রান্ত এক সভায় এ কথা বলেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন, মাঠকর্মীদের পরিবার পরিকল্পনা কার্যক্রম সম্পর্কে সচেতনতা বাড়াতে উদ্যোগ নিতে হবে। পরিবার পরিকল্পনা কর্মসূচির সাফল্যের চিত্র তুলে ধরে স্বাস্থ্যমন্ত্রী বলেন, মা ও শিশুমৃত্যুহার হ্রাসসহ বাংলাদেশের পরিবার পরিকল্পনা কার্যক্রমের অর্জন বিশ্বব্যাপী দৃষ্টান্ত হিসেবে স্বীকৃতি পেয়েছে। এ সাফল্যের ধারা অব্যাহত রাখতে সবাইকে আরও কার্যকর ভূমিকা রাখতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **নিউ এজ** (পৃ.৩,ক.৮)।

৯। ২০১৭-১৮ অর্থবছরে রেমিট্যান্স এসেছে দেড় হাজার কোটি মার্কিন ডলার

প্রবাসী বাংলাদেশিরা সদ্যসমাপ্ত ২০১৭-১৮ অর্থবছরে ব্যাংকিং চ্যানেলে এক হাজার ৪৯৮ কোটি মার্কিন ডলার দেশে পাঠিয়েছেন। আগের অর্থবছরে এসেছিল এক হাজার ২৭৭ কোটি মার্কিন ডলার। এ হিসেবে রেমিট্যান্স বেড়েছে ২২১ কোটি মার্কিন ডলার বা ১৭ দশমিক ৩২ শতাংশ। মূলত হুন্ডি ঠেকাতে নেওয়া বিভিন্ন উদ্যোগ এবং ব্যাংকিং চ্যানেলে ডলারের দাম বৃদ্ধির ফলে রেমিট্যান্স বাড়ছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১৪,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৪), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.৪)।

১০। কোটা সংস্কার/বাতিল সংক্রান্ত কমিটি গঠন

মন্ত্রিপরিষদ সচিব মোহম্মদ শফিউল আলমকে আহ্বায়ক করে সরকারি চাকরিতে কোটা সংস্কার/বাতিল সংক্রান্ত সাত সদস্যের কমিটি গঠন করা হয়েছে। গতকাল (২ জুলাই সোমবার) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ কমিটি গঠন করা হয়। আগামী ১৫ কর্মদিবসের মধ্যে কমিটিকে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। কমিটির সদস্যরা হলেন- লেজিসলেটিভ ও সংসদবিষয়ক সচিব, অর্থ সচিব, মুক্তিযুদ্ধবিষয়ক সচিব, জনপ্রশাসন সচিব, পিএসসি সচিব এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের ভারপ্রাপ্ত সচিব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

১১। সংসদে সবাইকে আম উপহার দিলেন প্রধানমন্ত্রী

সংসদে কর্মরত প্রায় **১২শ’** কর্মকর্তার জন্য গতকাল (২ জুলাই সোমবার) উপহার হিসেবে আম পাঠিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁর আম পাঠানোর পর উৎসবের আমেজ ছড়িয়ে পড়ে জাতীয় সংসদে। প্রতি বছরের মতো এবার প্রত্যেক কর্মকর্তাকে হিমসাগর আম উপহার দেন প্রধানমন্ত্রী। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১),**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** দেশের চরাঞ্চলগুলোকে কৃষি, প্রাণীসম্পদের উর্বরভূমিতে পরিণত করার জন্য চাই সমন্বিত উদ্যোগ বলে মতপ্রকাশ।

খ. **ভোরের কাগজ :** মধ্যপ্রাচ্য থেকে শত শত নির্যাতিত নারী গৃহকর্মী দেশে ফেরত আসছেন উল্লেখ করে ফেরত আসা নির্যাতিত নারীদের পুনর্বাসন ও ক্ষতিপূরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **ইত্তেফাক :** চট্টগ্রাম মহানগরীর মেহেদীবাগে একটি বেসরকারি হাসপাতালে ভুল চিকিৎসায় এক শিশুর মৃত্যুর অভিযোগ উঠেছে উল্লেখ করে মৃত্যুর প্রকৃত কারণ অনুসন্ধানে যথাযথ তদন্তের সুপারিশ।

ঘ. **বণিক বার্তা :** চট্টগ্রাম নগরীর হালিশহর এলাকায় জন্ডিসের প্রকোপ বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে ওয়াসার পানি শতভাগ জীবাণুমুক্ত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন :** যশোর বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে দুইজন পাইলট নিহত হয়েছে উল্লেখ করে এরকম অনাকাঙ্ক্ষিত ঘটনারোধে সংশ্লিষ্টদের কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম এখনও সন্তোষজনক পর্যায়ে না পোঁছায় উপজেলা চেয়ারম্যান, মেম্বার ও শিক্ষকগণকে এ ব্যাপারে সহায়তা করাসহ জনসচেতনতা বৃদ্ধির আহ্বান।

ছ. **ডেইলি সান :** অপরাধীর গ্রেফতার বেড়ে যাওয়ায় ও জামিন কার্যক্রমের দীর্ঘসূত্রতায় জেলখানায় কারাবন্দির সংখ্যা বাড়ার পরিপ্রেক্ষিতে অপরাধ বিশেষজ্ঞ ও সমাজ বিজ্ঞানীদের অপরাধের কারণ বের করে অপরাধপ্রবণতা প্রতিহতে সক্রিয় ভূমিকা পালনের প্রত্যাশা।

জ. **ডেইলি স্টার :** নীলফামারির দোলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে সড়ক নির্মাণের মেল্টিং মেশিনের বিষাক্ত ধোঁয়ায় শিক্ষার্থীদের দুর্ভোগ তুলে ধরে সরকারকে এ ব্যাপারে অতিদ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক সংশ্লিষ্টতার পরিবর্তে মেধা ও যোগ্যতার ভিত্তিতে শিক্ষক নিয়োগ দেওয়ার সুপারিশ।

ঞ. **অবজারভার :** রাজধানীতে অজ্ঞাত ভাইরাসজনিত জ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে যাওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জনস্বার্থে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একটি আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্র গঠনে স্বশাসিত ও দক্ষ স্থানীয় সরকারের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত **‘সড়ক দুর্ঘটনা প্রতিরোধে করণীয়’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সড়ক দুর্ঘটনা বন্ধ করতে হলে আইনের প্রতি শ্রদ্ধা রেখে গাড়ির চালক, মালিক পক্ষসহ সকলকে এগিয়ে আসতে হবে।

#

খাদীজা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা